

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২১৯৬
বিশালগড়, ৭ আগস্ট, ২০২৫

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

“আইজিএমের টিকিট কাউন্টার সামলাচ্ছে বেসরকারি নিরাপত্তা রক্ষী,” এই শিরোনামে গত ৬ আগস্ট, ২০২৫ আজকের ফরিয়াদ পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে আইজিএম হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেনডেন্ট-এর নির্দেশে গঠিত তিন সদস্যের একটি তদন্ত কমিটির প্রদত্তরিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, আইজিএম হাসপাতালের বেসরকারি নিরাপত্তাকর্মীরা ওপিডি টিকিট কাউন্টারে রোগী পক্ষকে টিকিট প্রদান করেন না। বেসরকারি নিরাপত্তা কর্মীরা সংশ্লিষ্ট টিকিট কাউন্টারে কম্পিউটার পরিচালনা করেন না, তবে তারা রোগী পক্ষকে স্ক্যান ও শেয়ার করার কাজে সাহায্য করেন। ওপিডি টিকিট কাউন্টারে ভীড় বেশি হওয়ায় কখনও কখনও রেজিস্ট্রেশন ও ইনভেস্টিগেশন ইত্যাদির পুরো প্রক্রিয়া সম্পন্ন হতে সময় লাগে। এই হাসপাতালে ই-হাসপাতালের মাধ্যমেই ই-রেজিস্ট্রেশন চলছে। সংবাদপত্রে আইজিএম হাসপাতালে ভর্তি প্রতিটি রোগীকে জিবিপি হাসপাতালে রেফার করা হয় বলে যে অভিযোগ করা হয়েছে তা সত্য নয়। বলরকেই এজিএমঅ্যান্ডজিবিপি হাসপাতালে রেফার করা হয়। এদিকে, হাসপাতাল কর্তৃপক্ষ আরও জানিয়েছেন, আইজিএম হাসপাতালের প্রাঙ্গণে তদন্ত কমিটি কোনো ড্রাগ মারফিয়ার সক্রিয় থাকার বিষয় খুঁজে পাননি।
